

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ব্যাপারে অনুচ্ছেদ ৮ (১) ও ৮(২) ধারা অনুযায়ী ---

নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অনূ্যন ৬০ (ষাট) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে অনলাইনে ফরম-৩ অনুযায়ী উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে;

যদি কোন আবেদনকারী উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি, তফসিলে উল্লিখিত বিলম্ব ফি প্রদান সাপেক্ষে, নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করিতে পারিবেন।